

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) রিসার্চ ডিগ্রী ইউনিট আয়োজিত এমফিল ও পিএইচডি শিক্ষাবর্ষের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে। বাউবির গাজীপুরের সেমিনার হলে অনুষ্ঠিত এ ওরিয়েন্টেশন সৈয়দ হুমায়ুন আখতার প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। মঙ্গলবার বাউবির পরিচালক তুহিন এ তথ্য জানিয়েছেন।

বাউবির প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু ও ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কাদের উপস্থিত ছিলেন। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. শফিকুল আলম এবং শুভেচ্ছা বক্তব্য দেন স্কুল অব এডুকেশনের অধ্যাপক ড. জামাল উদ্দিন খান। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন রিসার্চ ডিগ্রী ইউনিটের উপ-পরিচালক ড. জামাল উদ্দিন খান।